এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড : | ১ | ৪ | ০ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ বান্দরবান সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে জাতি, ধর্ম, বর্ণের কোনো ভেদাভেদ নেই। নেই ধনী দরিদ্রের পার্থক্য। শিক্ষার্থীদের অন্যায়ের বিচারে পিতামাতার সামাজিক অবস্থা বিবেচনা করা হয় না। এখানকার শিক্ষক শিক্ষিকা ও পরিচালনা পর্ষদ শিক্ষার্থীদের প্রতি খুবই যত্নশীল। তাই প্রতিবছর স্কুলটির ফলাফল হয় খুবই সন্তোষজনক।

ক. ব্লাকস্টোনের আইন বিষয়ক গ্রন্থটির নাম কী? ১

খ. আইনের শাসন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে সাম্যের কোন রূপগুলো প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. শিক্ষার্থীরা কি কেবল উদ্দীপকে উল্লিখিত সাম্যগুলোই ভোগ করেন? মতামত দাও। ৪

**২.** ▶ নিচের ছকটি পড়ো এবং প্রশ্নগুলোর উত্তর দাও।

১৯৫২ → ১৯৫৪ → ? → ১৯৬৯ → ১৯৭১

ক. কত সালে সংবিধানের বাংলা ভাষা রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি পায়? ১

খ. ২১ দফা কর্মসূচির উল্লেখযোগ্য দিকগুলো ব্যাখ্যা কর। ২

গ. ছকে '?' চিহ্নিত স্থানে সংঘটিত কর্মসূচি ছিল বাঙালি জাতির মুক্তির সনদ-ব্যাখ্যা কর। ৩

ঘ. উল্লিখিত সালগুলোর ঘটনাপ্রবাহের হাত ধরেই বাংলাদেশ স্বাধীন হয়-ব্যাখ্যা কর। ৪

**৩.** ▶ ইছামতি গ্রামটি চট্টগ্রাম শহরের অনতিদূরে অবস্থিত। এ গ্রামে সকল সম্প্রদায়ের মানুষ মিলেমিশে বসবাস করে। একে অপরের বিপদে এগিয়ে আসে ও সহযোগিতার হাত বাড়িয়ে দেয়। এজন্যে এ গ্রামের সকলে মিলে একটি ক্লাবও গঠন করেছে। তাদের মধ্যে আদর্শ ভিন্নতা থাকলেও দলবদ্ধভাবে বসবাসের মধ্য দিয়ে এক জটিল সামাজিক সম্পর্ক স্থাপিত হয়েছে।

ক. মানুষকে সামাজিক জীব হিসেবে আখ্যায়িত করেছে কে? ১

খ. পরিবারের শিক্ষামূলক কার্যাবলি কী কী? ২

গ. উদ্দীপকে ইছামতি গ্রামের বর্ণনায় কীসের ধারণা পরিলক্ষিত হয়েছে– তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উক্ত ধারণার সাথে পরিবারের সম্পর্ক মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

৪. ▶ উমেসিং ও মিলিপ্রু দুই বান্ধবী তাদের বিদ্যালয়ে আসার রাস্তার মাঝখানে একটি গর্ত দেখে। উমেসিং তা নিজেদের উদ্যোগে মেরামত করার কথা বললে, মিলিপ্রু বলে এটা আমাদের কাজ নয়। সুতরাং এ নিয়ে আমাদের মাথা না ঘামানোই ভালো।

ক. কোথায় প্রথম নাগরিকতার ধারণার উদ্ভব হয়? ১

খ. রাষ্ট্রের নাগরিকদের হতে হবে আত্মসংযমী-ব্যাখ্যা কর। ২

গ. উমেসিং ও মিলিপ্রুর মধ্যে কার মনোভাব সুনাগরিকতার পক্ষে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রাস্তা মেরামতের পক্ষে সুনির্দিষ্ট কর্তৃপক্ষ থাকা সত্ত্বেও উমেসিংয়ের মতো উদ্যোগ দরকার, বিশ্লেষণ কর। ৪

৫. ▶ উচ্চ শিক্ষার জন্য রাইমা ইউরোপের একটি দেশে গমন করে। সে দেশের সংবিধান প্রথা, রীতিনীতি ও আচার অনুষ্ঠানের ওপর ভিত্তি করে গড়ে উঠেছে। অন্যদিকে রাইমার দেশের সংবিধান ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের চেতনার ওপর ভিত্তি করে রচিত। এদেশের রাজনীতিবিদ ও বিশিষ্ট বুদ্ধিজীবীদের নিয়ে আলোচনায় ভিত্তিতে সংবিধান প্রণীত হয়।

ক. ম্যাগনাকার্টা কী? ১

খ. উত্তম সংবিধানের দুইটি বৈশিষ্ট্য লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ইউরোপের যে দেশে রাইমা গমন করেছে সে দেশের সংবিধান প্রতিষ্ঠায় কোন পদ্ধতির কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত রাইমার দেশের সংবিধান প্রতিষ্ঠায় যে পদ্ধতির কথা বলা হয়েছে তা সংবিধান প্রতিষ্ঠার অন্যান্য পদ্ধতির অপেক্ষা অধিকতর যুগোপযোগী- তুমি কি এ বক্তব্যকে সমর্থন করো? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৬. ▶ জনাব 'ক' একটি উপজেলা শহরের স্থানীয় সরকারের প্রধান। তিনি কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি জনগণের চাহিদা পূরণের জন্য ঘরবাড়ি, দোকানপাট, হাটবাজার, যানবাহন ইত্যাদি থেকে অর্থ সংগ্রহ করে মহল্লার মোড়ে মোড়ে ডাস্টবিন নির্মাণ, নর্দমা ও পুকুর পরিষ্কার করে মশার ওষুধ ছিটান। কয়েকটি মাতৃসদন স্থাপন করে বিনামূল্যে শিশু ও প্রসূতি মায়েদের সেবা প্রদানের ব্যবস্থা করেন।

ক. জেলা পরিষদ আইন পাস হয় কত সালে? ১

খ. নারীর ক্ষমতায়ন বলতে কী বোঝায় ব্যাখ্যা কর। ২

গ. জনাব 'ক' এর কাজগুলোর মূল উদ্দেশ্য কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. অনুচ্ছেদে উল্লিখিত কাজগুলো কী জনাব 'ক' এর এলাকায় উন্নয়নের জন্য যথেষ্ট- তোমার মতামত দাও। ৪

http://teachingbd.com

৭.▶জনাব রাহুল বড়ুয়া পৌরনীতি ক্লাসে শিক্ষার্থীদের 'ক' নামক একটি সংস্কার কথা বলেন, যে সংস্থার সদস্য রাষ্ট্রগুলো আমাদের মহান মুক্তিযুদ্ধে নিরীহ জনগণকে খাদ্য ও আশ্রয় দিয়ে সাহায্য করে। যুদ্ধ পরবর্তী সময়ে আমাদের দেশের রাস্তাঘাট সংস্কার, শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপন, সেতু-কালভার্ট নির্মাণসহ কৃষির আধুনিকীকরণে এ সংস্থাটি সাহায্য অব্যাহত রেখেছে। তিনি 'ক' নামক আরেকটি সংস্থার কথাও বলেন যেখানে আমাদের দেশের সেনাবাহিনী বিশ্ব শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

ক. ওআইসির সদর দপ্তর কোথায় অবস্থিত? ১

খ. নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য রাষ্ট্র কয়টি ও কি কি? ২

গ. উদ্দীপকে রাহুল বড়ুয়া 'ক' নামক যে সংস্থার কথা বলেছেন তা পাঠ্যবইয়ের কোন সংস্থার ইঙ্গিত করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে করো অনুচ্ছেদে বর্ণিত সংস্থা দুটির কাজ এক? মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৮.▶বান্দরবান সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থী বানু। পরিবারের প্রচণ্ড চাপের মুখে যাকে বউ সাজতে হয়েছে, যেতে হয়েছে শ্বশুরবাড়ি। মেয়ের ইচ্ছার বিরুদ্ধে তার বাবা বিয়ে ঠিক করেছেন পার্শ্ববর্তী গ্রামের অটোরিকশা চালক জমিরের সাথে অনিচ্ছাসত্ত্বেও জোরপূর্বক এ বিয়েতে বাধ্য করে তার পরিবার চরম অজ্ঞতার পরিচয় দিয়েছে।

ক. VGF এর পূর্ণরূপ কী? ১

খ. জনসংখ্যাকে কীভাবে জনসম্পদে পরিণত করা যায়? ২

গ. উদ্দীপকে রানুর জীবনের উক্ত ঘটনাটি কোন ধরনের নাগরিক সমস্যাকে চিহ্নিত করেছে তা আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যাটি কীভাবে প্রতিরোধ করা যায়? পাঠ্যবইয়ের আলোকে যুক্তি তুলে ধরো। ৪

৯.▶হোসনি মোবারক ছিলেন মিসরের 'স্বৈরশাসক'। দীর্ঘদিন তিনি মিসরের শাসন ক্ষমতায় আঁকড়ে ছিল। তিনি ছিলেন মিসরের সর্বময় ক্ষমতার অধিকারী। এ শাসক গণমাধ্যম নিয়ন্ত্রণে কঠোর পদক্ষেপ নিয়েছিল। তার বিরুদ্ধে প্রতিবাদ করার সাহস কারও ছিল না। অবশেষে আরব অভ্যুত্থানের মাধ্যমে হোসনি মোবারকের পতন ঘটে।

ক. কল্যাণমূলক রাষ্ট্র কী? ১

খ. গণতন্ত্রকে সফল করার উপায় ব্যাখ্যা কর। ২

গ. হোসনি মোবারকের শাসনকালীন সময়ে মিসরের রাষ্ট্রব্যবস্থার বৈশিষ্ট্যগুলো লিখ। ৩

ঘ. বাংলাদেশের রাষ্ট্রব্যবস্থা ও মিসরের রাষ্ট্রব্যবস্থা কি এক? এ ব্যাপারে তোমার মন্তব্য তুলে ধর। ৪

http://teachingbd.com

# পৌরনীতি ও নাগরিকতা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০

বিষয় কোড : | ১ | ৪ | ০ |

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. Civitas শব্দের অর্থ কী?
ক রাষ্ট্র খ নাগরিক গ নগররাষ্ট্র ঘ দেশ

২. "পৌরনীতি অধিকার ও কর্তব্য সংক্রান্ত বিজ্ঞান।"- কোন অর্থে?
ক ব্যাপক অর্থে খ শাব্দিক অর্থে
গ সংকীর্ণ অর্থে ঘ উৎপত্তিগত অর্থে

৩. পরিবারের গ্রহণযোগ্য সংজ্ঞা দিয়েছেন কে?
ক গেটেল খ ম্যাকাইভার
গ গার্নার ঘ জন লক

৪. সামাজিক মূল্যবোধের শিক্ষা পরিবারের কোন ধরনের কাজ?
ক শিক্ষামূলক খ রাজনৈতিক
গ মনস্তাত্ত্বিক ঘ সাংস্কৃতিক

৫. আমাদের সুনাগরিক হতে কোনটি সাহায্য করে?
ক ধনসম্পত্তি, টাকা-পয়সা, বুদ্ধি
খ আত্ম অহংকার, বিবেক, স্বার্থপরতা
গ বুদ্ধি, বিবেক, আত্মসংযম
ঘ মায়ামমতা, ভালোবাসা, স্নেহ

৬. সুনির্দিষ্ট ভূখণ্ডে স্থায়ীভাবে বসবাসকারী সুসংগঠিত সরকারের প্রতি স্বভাবজাতভাবে আনুগত্যশীল, বহিঃশত্রুর নিয়ন্ত্রণ হতে মুক্ত জনসমষ্টিকে রাষ্ট্র বলে- এ সংজ্ঞাটি কে দিয়েছেন?
ক অধ্যাপক গার্নার খ এরিস্টটল
গ লর্ড ব্রাইস ঘ উড্রো উইলসন

৭. সমালোচকরা কোন মতবাদকে অযৌক্তিক, ভ্রান্ত ও মারাত্মক বলে আখ্যায়িত করেছেন?
ক বলপ্রয়োগ মতবাদ খ ঐশী মতবাদ
গ সামাজিক মতবাদ ঘ ঐতিহাসিক মতবাদ

৮. রাষ্ট্রের স্থানীয় সংস্থা হলো-
i. ইউনিয়ন পরিষদ ii. পৌরসভা
iii. সিটি কর্পোরেশন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৯. মানুষ সমাজে বসবাস করে, কারণ মানুষ সমাজেই-
i. জন্মগ্রহণ করে ii. লালিত-পালিত হয়
iii. মৃত্যু বরণ করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।

মৌমিতা ভারতের নাগরিক। তার দেশের শাসন ব্যবস্থাটি সবচেয়ে জনপ্রিয়। জনগণের কল্যাণে এ শাসন ব্যবস্থার উদ্ভব ঘটে।

১০. উদ্দীপকের মৌমিতার দেশে কোন শাসনব্যবস্থাটি প্রচলিত?
ক গণতন্ত্র খ একনায়কতন্ত্র
গ সমাজতান্ত্রিক ঘ রাজতন্ত্র

১১. তার দেশের শাসনব্যবস্থাটি জনপ্রিয়। কারণ এটি-
i. ব্যক্তি স্বাধীনতার রক্ষাকবচ
ii. গুণের চেয়ে সংখ্যার ওপর গুরুত্ব দেয়
iii. সাম্য ও সমঅধিকারের ওপর গুরুত্ব দেয়
নিচের কোনটি সঠিক?
ক i খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

চিত্রটি পর্যবেক্ষণ করে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও।




১২. বৃত্ত '১'-এর '?' চিহ্নিত স্থানে কী হবে?
ক জাতিসংঘ খ সার্ক
গ ওআইসি ঘ স্থানীয় সরকার

১৩. 'বৃত্ত '২' এবং বৃত্ত '৩' - এর সাথে সংগতিপূর্ণ কাজ-
i. জাতিসংঘের মহাসচিব নিয়োগ
ii. বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচন
iii. উপজেলা চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বিতা
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ ii ও ii ঘ i, ii ও iii

১৪. সাম্যের রূপের অন্তর্ভুক্ত-
i. সামাজিক সাম্য ii. অর্থনৈতিক সাম্য
iii. ব্যক্তিগত সাম্য
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও iii ঘ i, ii ও iii

১৫. কোন শাসনব্যবস্থায় মাথা গণনা করা হয় মেধার বিচার করা হয় না?
ক সমাজতান্ত্রিক ব্যবস্থায়
খ গণতান্ত্রিক ব্যবস্থায়
গ একনায়কতান্ত্রিক ব্যবস্থায়
ঘ রাষ্ট্রপতি ব্যবস্থায়

১৬. ক্ষমতা বন্টনের নীতির ভিত্তিতে সরকারকে কোন শ্রেণিতে ভাগ করা যায়?
ক সংসদীয় রাষ্ট্র শাসিত
খ এককেন্দ্রিক ও যুক্তরাষ্ট্রীয়
গ রাষ্ট্রপতি শাসিত ও যুক্তরাষ্ট্রীয়
ঘ সংসদীয় ও এককেন্দ্রিক

১৭. কোনটিকে রাষ্ট্রের প্রতিচ্ছবি বলা হয়?
ক স্বাধীনতাকে খ সংবিধানকে
গ আইনকে ঘ বিচার বিভাগকে


১৮. কত সালে রাজা জন 'ম্যাগনাকার্টা' নামের অধিকার সনদ দান করেন?
ক ১২১০ সালে খ ১২১৫ সালে
গ ১৩১০ সালে ঘ ১৩১৫ সালে

১৯. লিখিত সংবিধান -
i. বাংলাদেশ ii. যুক্তরাষ্ট্র
iii. ভারত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২০. উত্তম সংবিধানের বৈশিষ্ট্যসমূহের আওতায় নয়-
i. মৌলিক অধিকার ii. প্রজাতান্ত্রিক
iii. দুষ্পরিবর্তনীয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

Teachingbd.com

নিচের ছকটি পড়ে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:




২১. উপরের ? চিহ্নিত স্থানটির জন্য কোনটি প্রযোজ্য?
ক সংবিধান  খ জাতিসংঘ
গ জাতীয় সংসদ  ঘ রাজনৈতিক দল

২২. উত্তম সংবিধানের বৈশিষ্ট্য-
i. সংক্ষিপ্ত  ii. জনমতের প্রতিফলন
iii. আইনসভা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

২৩. সংসদ সদস্য নন এমন ব্যক্তি মন্ত্রী হতে পারবেন তবে তাদের সংখ্যা কত হবে?
ক এক-পঞ্চমাংশ  খ এক-অষ্টমাংশ
গ এক-দশমাংশ  ঘ এক-নবমাংশ

২৪. বাংলাদেশের প্রশাসনিক কাঠামো কতক স্তরভিত্তিক?
ক ২ স্তর  খ ৩ স্তর  গ ৪ স্তর  ঘ ৫ স্তর


২৫. আইনসভায় কতজন সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়?
ক ৪০ জন  খ ৫০ জন  গ ৬০ জন  ঘ ৭০ জন

২৬. প্রথম নিয়োগপ্রাপ্ত হন-
i. রাষ্ট্রপতি  ii. প্রধানমন্ত্রী
iii. উভয়ে
নিচের কোনটি সঠিক?
ক i  খ ii  গ iii  ঘ i, ii ও iii

২৭. বাজেট কত বছরের জন্য প্রণয়ন করা হয়?
ক ১ বছর  খ ২ বছর  গ ৩ বছর  ঘ ৪ বছর

২৮. বাংলাদেশে মন্ত্রিপরিষদের সম্পর্ক কোনটি প্রযোজ্য?
ক ৫০ জন মন্ত্রি নিয়ে গঠিত
খ রাষ্ট্রপতির নিকট দায়ী
গ প্রধানমন্ত্রির নিকট দায়ী
ঘ সংসদের নিকট দায়ী

২৯. নিচের ডায়াগ্রামটি লক্ষ কর এবং '?' স্থানে কী হবে?




ক সংবিধান  খ সরকার
গ রাষ্ট্র  ঘ গণতন্ত্র

৩০. নির্বাচন কমিশন মোট কত সদস্য নিয়ে গঠিত?
ক ৩ জন  খ ৭ জন  গ ২ জন  ঘ ৫ জন

৩১. ILO নারীর রাজনৈতিক অধিকারের কথা ঘোষণা করে কত সালে?
ক ১৯৪৮ সালে  খ ১৯৫০ সালে
গ ১৯৫২ সালে  ঘ ১৯৫৫ সালে


৩২. নারীরা স্থানীয় সরকারের নির্বান্ত গ্রহণকে প্রভাবিত করতে সক্ষম হয়েছে-
i. উপজেলা পরিষদ নির্বাচনের অংশগ্রহণ করে
ii. পৌরসভা নির্বাচনে অংশগ্রহণ করে
iii. সিটি কর্পোরেশনের নির্বাচনে অংশগ্রহণ করে
নিচের কোনটি সঠিক?
ক i  খ ii  গ ii ও iii  ঘ i, ii ও iii

৩৩. বাংলাদেশের স্বাধীনতা অর্জনে যেটি ভূমিকা রেখেছে-
i. ভাষা আন্দোলন  ii. গণঅভ্যুত্থান
iii. সাংস্কৃতিক ঐতিহ্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

৩৪. পাকিস্তানের শাসনের আগে বাংলাদেশের এ অঞ্চল ছিল-
i. তর্কিদের অধীনে  ii. মোঘলদের অধীনে
iii. ব্রিটিশদের অধীনে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

৩৫. SAARC এর পুরো নাম কী?
ক South Asian Association for Regional Co-operation
খ South Asian Alternative for Regional Co-operation
গ South Asian Alternative for Regional Corporation
ঘ South Asian Association for Regional Corporation

নিচের ছকটি পড়ে ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও:




৩৬. ছকটিতে প্রকাশ পেয়েছে-
ক বাংলাদেশের সামাজিক ইতিহাস
খ কয়েকটি ঘটনা
গ বাংলাদেশের রাজনৈতিক ইতিহাস
ঘ ঐতিহাসিক ঘটনাবলি

৩৭. উপরের কোনটির মাধ্যমে বাঙালি জাতীয়তাবাদের রাজনৈতিক বিজয় ঘটেছে?
i. ভাষা আন্দোলন  ii. যুক্তফ্রন্ট
iii. ৭০-এর নির্বাচন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

৩৮. সার্কের প্রাতিষ্ঠানিক কাঠামোতে রয়েছে-
i. স্ট্যান্ডিং কমিটি  ii. টেকনিক্যাল কমিটি
iii. সার্ক সচিবালয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

৩৯. জাতিসংঘের যে সংস্থাটি বাংলাদেশে কাজ করছে-
i. UNDP  ii. UNICEF  iii. WHO
নিচের কোনটি সঠিক?
ক i  খ ii  গ iii  ঘ i, ii ও iii

৪০. আন্তর্জাতিক আদালতের সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক হেগ শহরে  খ লন্ডন শহরে
গ নিউইয়র্ক শহরে  ঘ সানফ্রান্সিসকো শহরে

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তরমালা | ১ | গ | ২ | গ | ৩ | খ | ৪ | ক | ৫ | গ | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | খ | ১৬ | খ |
| | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | ক | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ঘ | ৩১ | গ | ৩২ | ঘ |
| | ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | ক | ৩৬ | গ | ৩৭ | খ | ৩৮ | ঘ | ৩৯ | ঘ | ৪০ | ক | | | | | | | | | | | | | | | | |

Teachingbd.com